# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯০২

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

بَابُ فَضْلِ الصَّدَقَةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «غُفِرَ لِامْرَأَةٍ مُومِسَةٍ مَرَّتْ بِكَلْبٍ عَلَى رَأْسِ رَكِيٍّ يَلْهَثُ كَادَ يَقْتُلُهُ الْعَطَشُ فَنَزَعَتْ خُفَّهَا فَأَوْثَقَتْهُ بِخِمَارِهَا فَنَزَعَتْ لَهُ مِنَ الْمَاءِ فَغُفِرَ لَهَا بِذَلِكَ» . قِيلَ: إِنَّ لَنَا فِي الْبَهَائِمِ أَجْرًا؟ قَالَ: «فِي كُلِّ ذَاتِ كبد رطبَة أجر»

বাংলা

১৯০২-[১৫] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (একবার) একটি পতিতা মহিলাকে মাফ করে দেয়া হলো। (কারণ) মহিলাটি একবার একটি কুকুরের কাছ দিয়ে যাবার সময় দেখল সে পিপাসায় কাতর হয়ে একটি কূপের পাশে দাঁড়িয়ে জিহবা বের করে হাঁপাচ্ছে। পিপাসায় সে মরার উপক্রম। মহিলাটি (এ করুণ অবস্থা দেখে) নিজের মোজা খুলে ওড়নার সাথে বেঁধে (কূপ হতে) পানি উঠিয়ে কুকুরটিকে পান করাল। এ কাজের জন্য তাকে মাফ করে দেয়া হলো। (এ কথা শুনে) সাহাবীগণ আরয করলেন, পশু-পাখির সাথে ভাল ব্যবহার করার মধ্যেও কি আমাদের জন্য সাওয়াব আছে? রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হ্যাঁ। প্রত্যেকটা প্রাণীর সাথে ভাল ব্যবহার করার মধ্যেও সাওয়াব আছে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৩২১, মুসলিম ২২৪৫, আহমাদ ১০৬২১, শারহুস্ সুন্নাহ্ ১৬৬৬, সহীহ আল জামি‘ আস্ সগীর ৪১৬৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لِامْرَأَةٍ) মহিলাটির নাম উল্লেখ করা হয়নি সহীহুল বুখারী ও মুসলিমের বর্ণনায় পুরুষ ব্যক্তির উল্লেখ রয়েছে এতে বুঝা যায় এগুলো মূলত দু’টি ঘটনা।

(مُوْمِسَةٍ) বানী ইসরাঈলের যিনাকারিণী মহিলা।

(كَادَ يَقْتُلُهُ الْعَطَشُ) পিপাসার কারণে মৃত্যুর কাছাকাছি চলে গিয়েছিল।

হাদীসটি থেকে বুঝা যায় যে, আল্লাহ তা‘আলা তার বিশেষ রহমাতের মাধ্যমে কিছু ভাল কাজের কারণে বান্দার কাবীরাহ্ (কবিরা) গুনাহ মার্জনা করে থাকেন বিনা তাওবাতে।

(لَنَا فِي الْبَهَائِمِ) প্রাণীকূলের প্রতি দয়াপরবশ হওয়াতে। (فِي كُلِّ ذَاتِ كبد) অর্থাৎ প্রত্যেক বস্ত যাকে জীবনী শক্তি ফিরিয়ে দেয়ার জন্য তিনি পান করিয়েছেন। তার জন্য যে সমূহ সাওয়াব পাবেন।

আল্লামা দাওয়ার্দী (রহঃ) বলেন, প্রত্যেক জীবিত কলিজাকে রক্ষায় যারা পান করালেন তবে তা সমস্ত প্রাণীর ক্ষেত্রে عام বা ব্যাপক অর্থে ব্যবহৃত হয়েছে। আবূ ‘আবদুল মালিক (রহঃ) বলেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা (فِي كُلِّ كبد) এ কথাটি কিছু বস্তুর জন্য নির্দিষ্ট যে প্রাণীগুলো দ্বারা কোন ক্ষতি হয় না।

কেননা যেগুলোকে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হত্যা করার আদেশ দিয়েছেন যেমনঃ কাক, চিল এগুলোকে পানি পান করিয়ে সতেজ করে তাদের অনিষ্টকে বৃদ্ধি করা যাবে না।

ইমাম নাবাবী (রহঃ) বলেন, হাদীসটি নির্দিষ্ট কিছু পশু প্রাণীর ক্ষেত্রে প্রযোজ্য যেগুলো হত্যার ব্যাপারে আদেশ দেয়া হয়নি। সুতরাং পানি পান করিয়ে যাওয়ার সাওয়াব হাসিল হবে এবং ইহসানের তরীকায় তাদের একটু রিযক্বের ব্যবস্থা হলো।

আল্লামা ইবনুত্ তীন (রহঃ) বলেন, হাদীসটিকে ব্যাপক অর্থে নিতে কোন সমস্যা নেই। অত্র হাদীসে মানুষ ও মানবতার প্রতি দয়া প্রদর্শনের ইঙ্গিত রয়েছে, কেননা একটি কুকুরকে পানি পান করিয়ে যদি ক্ষমা পাওয়া যায় তাহলে মানুষের ক্ষেত্রে সেটা তো নিঃসন্দেহে এক বিশাল সাওয়াবের কাজ হবে। অত্র হাদীস দিয়ে দলীল গ্রহণ করে তিনি আরো বলেন, যখন সদাক্বাহ্ (সাদাকা) দেয়ার জন্য কোন মুসলিম পাওয়া যাবে না সে মুহূর্তে মুশরিকদেরকেও নফল সদাক্বাহ্ (সাদাকা) প্রদান জায়িয।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56462

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন